

# সংবাদ বিজ্ঞপ্তি

## PRESS RELEASE



# ইসলামী বিশ্ববিদ্যালয়

## ISLAMIC UNIVERSITY

তথ্য, প্রকাশনা ও জনসংযোগ অফিস, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া। ফোন : ০৭১-৭৪৯১০-২১ এক্স : ২২৪১  
ফ্যাক্স : ০৭১-৭৪৯১০-২১, এক্স : ২৪৮৩, মোবাইল : ০১৭১৫-৩৫১২২৬, ০১৮১৭-১২২২৭৪।

স্মারক নং : ইবি/তপ্রজ/সবি-১৬/৭০(২০৬)/২০২৩

তারিখ : ১৩/০৩/২০২৩ ইং

ইবিতে ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে বিভিন্ন কর্মসূচী গ্রহণ

আগামী ১৭ মার্চ শুক্রবার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৩ উপলক্ষ্যে ইসলামী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিভিন্ন কর্মসূচী গ্রহণ করেছেন। কর্মসূচীর মধ্যে রয়েছে ১৭ মার্চ শুক্রবার সকাল ৯.৪৫ টায় রবীন্দ্র-নজরুল কলা ভবনের গগণ হরকরা গ্যালারীতে ইবি ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজের ছাত্র-ছাত্রীদের মধ্যে যথাক্রমে ক, খ, গ ক্যাটাগরিতে চিত্রাঙ্কন প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে।

চিত্রাঙ্কন প্রতিযোগিতা উদ্বোধন করবেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. শেখ আবদুস সালাম। এ সময় উপস্থিত থাকবেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ মাহবুবুর রহমান, ট্রেজারার প্রফেসর ড. মোঃ আলমগীর হোসেন ভূঁইয়া ও রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) এইচ.এম.আলী হাসান।

এছাড়া ১৭ মার্চ সকাল ১০টায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৩ উপলক্ষ্যে প্রশাসন ভবন চত্বরে আনন্দের প্রতীক বেলুন উড়িয়ে বর্ণাঢ্য আনন্দ র্যালির উদ্বোধন করবেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. শেখ আবদুস সালাম। আনন্দ র্যালিতে উপস্থিত থাকবেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ মাহবুবুর রহমান, ট্রেজারার প্রফেসর ড. মোঃ আলমগীর হোসেন ভূঁইয়া ও রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) এইচ.এম.আলী হাসান। র্যালিতে সকল অনুষদ, বিভাগ, হল, সকল পর্যায়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রী, বিভিন্ন সমিতি, পরিষদ, ফোরাম, ইসলামী বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ, বিভিন্ন ছাত্র সংগঠন এবং বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন তাদের স্ব স্ব ব্যানার নিয়ে অংশগ্রহণ করবেন। র্যালিটি ক্যাম্পাসের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে “মৃত্যুঞ্জয়ী মুজিব” মুর্যাল চত্বরে গিয়ে শেষ হবে।


বর্ণাঢ্য আনন্দ র্যালি শেষে “মৃত্যুঞ্জয়ী মুজিব মুর্যালে” বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করবেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. শেখ আবদুস সালাম। এ সময় উপস্থিত থাকবেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ মাহবুবুর রহমান, ট্রেজারার প্রফেসর ড. মোঃ আলমগীর হোসেন ভূঁইয়া এবং রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) এইচ.এম.আলী হাসান। এরপর সকল অনুষদ, বিভাগ, হল, সকল পর্যায়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রী, বিভিন্ন সমিতি, পরিষদ, ফোরাম, ইসলামী বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ, বিভিন্ন ছাত্র সংগঠন এবং বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন শ্রদ্ধাঞ্জলি নিবেদন করবেন।

মৃত্যুঞ্জয়ী মুজিব মুর্যালে শ্রদ্ধাঞ্জলি নিবেদন শেষে বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান মিলনায়তনে কেক কাটা এবং চিত্রাঙ্কন প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হবে। কেক কাটা ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. শেখ আবদুস সালাম। এ সময় তাঁর সাথে থাকবেন প্রো-ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ মাহবুবুর রহমান, ট্রেজারার প্রফেসর ড. মোঃ আলমগীর হোসেন ভূঁইয়া এবং রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) এইচ.এম.আলী হাসান।

বঙ্গবন্ধুর আত্মার শান্তি ও মাগফিরাত কামনায় বাদ জুম্মা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদ ও হল মসজিদসমূহে দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হবে।

গাড়ীর সময়সূচী ১৭ মার্চ সকাল ৮.৪৫ টায় কুষ্টিয়া হতে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ৫টি বাস এবং ছাত্র-ছাত্রীদের জন্য ৫টি বাস, বিনাইদহ হতে শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ৩ টি বাস এবং ছাত্র-ছাত্রীদের জন্য ৩টি বাস এবং শৈলকুপা হতে শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের জন্য ১টি বাস নির্ধারিত রুটে ক্যাম্পাসে আসবে এবং অনুষ্ঠান শেষে ক্যাম্পাস ছেড়ে যাবে।

ইসলামী বিশ্ববিদ্যালয়ে কর্তৃপক্ষের আয়োজনে ১৭ মার্চ পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৩তম জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২৩ উদযাপন উপলক্ষে উপর্যুক্ত কর্মসূচিতে স্বাস্থ্যবিধি মেনে অংশগ্রহণের জন্য বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের বিশেষভাবে অনুরোধ জানানো হয়েছে। সংবাদ বিজ্ঞপ্তি



(মোঃ সাহেদ হাসান)

উপ-রেজিস্ট্রার

তথ্য, প্রকাশনা ও জনসংযোগ অফিস

ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া।

তারিখ : ১৩/০৩/২০২৩ইং।